



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



পরিবীক্ষণ কমিটির ৩য় (তৃতীয়) সভার কার্যবিবরণী

সভাপতি	প্রকৌঃ মোঃ আবদুর রশিদ পরিচালক
সভার তারিখ	০৮ মার্চ, ২০২২ (মঙ্গলবার)
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা
স্থান	এনএপিডি'র বোর্ড রুম
উপস্থিতি	(ক) উপস্থিত সদস্যবৃন্দঃ জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.) এনএপিডি, জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা-১) এনএপিডি, জনাব তাহমিদুর রহমান (গবেষণা কর্মকর্তা-২)।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির (গবেষণা কর্মকর্তা-১) জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	কার্যবিবরণী দৃষ্টিকরণ		গত ২১ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন করার জন্য পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃষ্টিকরণ করা যেতে পারে।	
২.	সিটিজেন চার্টার-এ প্রতিশ্রুত সেবার নাম হালনাগাদকরণ	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.৬-এ সেবার নাম পরিবর্তনের বিষয়ে আলোচনা হয়।	সেবার নাম হিসেবে ডুপ্লিকেট সনদ প্রদান এর সাথে 'সনদপত্র সংশোধন করা' সংযুক্ত করতে হবে।	গবেষণা কর্মকর্তা-১
৩.	সেবার ধরণ নির্ধারণ	অভ্যন্তরীণ সেবার অন্তর্গত ক্রমিক ১.২৩-এ বিদ্যমান 'অভিযোগ নিষ্পত্তি' বিষয়ক সেবা নাগরিক ও দাপ্তরিক সেবার ক্ষেত্রেও প্রযোজ্য হতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	'অভিযোগ নিষ্পত্তি' বিষয়ক সেবা নাগরিক ও দাপ্তরিক উভয় সেবার ক্ষেত্রেও অন্তর্ভুক্ত করতে হবে।	গবেষণা কর্মকর্তা-১

৪.	সিটিজেন চার্টার ডিজিটাল ডিসপ্লে/KIOSK মেশিন-এ প্রদর্শন	এনএপিডির সিটিজেন চার্টার একাডেমির লবিতে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে/KIOSK মেশিন-এ প্রদর্শন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	সিটিজেন চার্টার একাডেমির লবিতে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে/KIOSK মেশিন-এ প্রদর্শন করার জন্য সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নুরুল আমিন-কে দায়িত্ব প্রদান করতে হবে। এ বিষয়ে অফিস আদেশ জারি করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন) ও সহকারী প্রোগ্রামার
৫.	সিটিজেন চার্টারের কার্যক্রম পরিবীক্ষণ	একাডেমির সিটিজেন চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে সকল সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি ০১ (এক) মাস পর পর নির্ধারিত ছকে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>প্রতি ০১ (এক) মাস পর পূর্ব নির্ধারিত ছকে প্রতিবেদন প্রস্তুত করে প্রশাসন শাখায় জমা দিতে হবে।</p> <p>পূর্ব নির্ধারিত নিম্নরূপ কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন:</p> <p>গবেষণা ও প্রকাশনা শাখা:</p> <p>(ক) জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এবং (খ) জনাব লিপিয়া খাতুন, মূল্যায়ন কর্মকর্তা।</p> <p>প্রশাসন শাখা:</p> <p>(ক) জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-০১, এবং (খ) জনাব এ.টি.এম মোতাহার হোসেন, নির্বাহী কর্মকর্তা।</p> <p>প্রশিক্ষণ কর্মকর্তা:</p> <p>(ক) জনাব মৌফুল নাহার, প্রশিক্ষক-০২, এবং (খ) জনাব আবুল হোসেন, প্রশিক্ষণ কর্মকর্তা-০১</p>	উপ-পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
৬.	সিটিজেন চার্টারের পুস্তিকা তৈরী	এনএপিডির সিটিজেন চার্টার পুস্তিকা আকারে আগামী এপ্রিল মাসের মধ্যে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়।	একাডেমির সিটিজেন চার্টার পুস্তিকা আকারে তৈরী করতে হবে। এ বিষয়ে গবেষণা কর্মকর্তা-০২ জনাব তাহমিদুর রহমান দায়িত্ব পালন করবেন।	পরিচালক (প্রশাসন) ও গবেষণা কর্মকর্তা-২

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



প্রকৌঃ মোঃ আবদুর রশিদ
পরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৮

১২ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), এনএপিডি।

২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১